**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 21-02-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে ব্রাজিলের রাষ্ট্রপতি লুই ইনাসিও লুলা দ্য সিলভার সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠকে বসেন।

দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক ছাড়াও আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে তাদের মধ্যে আলোচনা হয়েছে।

২) ভারতীয় নৌবাহিনীর উদ্যোগে গোয়াতে শুরু হয়েছে সমুদ্র সম্মেলনের পঞ্চম পর্ব।

৩) ভারত এআই ইম্প্যাক্ট এক্সপোর আজই শেষ দিন। গতকাল শেষ হয়েছে এআই ইম্প্যাক্ট শীর্ষ সম্মেলন।

৪) আগামীকাল প্রধানমন্ত্রীর মন কি বাত।

৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হচ্ছে।

৬) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে ৪৮০ কোম্পানী নিরাপত্তা বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে।

৭) টি টোয়েন্টি বিশ্বকাপে সুপার এইট পর্বের প্রথম ম্যাচে আজ পাকিস্তান নিউডিল্যান্ডের মুখোমুখি হবে। আগামীকাল ভারত খেলবে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ব্রাজিলের রাষ্ট্রপতি Luiz Inácio Lula da Silva আজ নতুন দিল্লিতে দ্বিপাক্ষিক বৈঠকে বসেন। উভয় নেতা দ্বিপাক্ষিক সম্পর্কের সমগ্র দিক পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন আঞ্চলিক এবং আন্তর্জাতিক ইস্যু নিয়ে বিস্তারিত আলোচনা করেন। বহু পাক্ষিক মঞ্চে সহযোগিতা, আন্তর্জাতিক প্রশাসন ও দক্ষিণ বিশ্বের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা হয়।

উল্লেখ্য ২০০৬ সাল থেকে ভারত ও ব্রাজিল সামরিক কৌশলগত অংশীদার দেশ। অভিন্ন গণতান্ত্রিক মূল্যবোধ, জনগণের মধ্যে পারস্পরিক ঘনিষ্ঠ সম্পর্ক ও সহযোগিতা আরও বাড়িয়ে তোলা দু-দেশের সম্পর্কের অন্যতম ভিত্তি। ল্যাটিন আমেরিকার দেশগুলির মধ্যে, ব্রাজিল ভারতের বৃহত্তম বাণিজ্য অংশীদার রাষ্ট্র।

রাষ্ট্রসংঘের সংস্কার, জলবায়ু পরিবর্তন ও সন্ত্রাসবাদ মোকাবিলা সহ বিভিন্ন আন্তর্জাতিক প্রশ্নে দুই দেশ অভিন্ন দৃষ্টিভঙ্গী নিয়ে চলে।

ব্রিকস্ , জি-টোয়েন্টি, জি-ফোর, আন্তর্জাতিক সৌর আঁতাত সহ বহুপাক্ষিক মঞ্চে ভারত ও ব্রাজিলের মধ্যে উৎকৃষ্ট সহযোগিতা রয়েছে।

-----------------------

বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর আজ সকালে নতুন দিল্লিতে ব্রাজিলের রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করেন। সমাজমাধ্যমে এক বার্তায় বিদেশমন্ত্রী কৌশলগত অংশীদারিত্ব এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে ব্রাজিলের রাষ্ট্রপতির পরামর্শ ও আবেগের প্রশংসা করেন।

-----------------------

ভারতীয় নৌ-বাহিনীর উদ্যোগে গোয়া সমুদ্র সম্মেলনের পঞ্চম পর্ব আজ ভেড়েমের Naval War College কলেজে শুরু হয়েছে। এই সম্মেলনের মূল ভাবনা

হলো, ভারত মহাসাগরীয় অঞ্চলে উদ্ভূত সমস্যা ও বিপদের মোকাবিলা। এছাড়াও মাদক চোরাচালান, মানুষ পাচার, নিরাপত্তার হুমকি, বে-আইনী মাছ ধরা – প্রভৃতি বিষয় নিয়ে আলোচনা হবে। সামরিক কৌশলগত পরিকল্পনা, উপগ্রহ ব্যবস্থার সৎ ব্যবহার, নেভাল ট্রাস্কফোর্স তৈরি প্রভৃতি বিষয় নিয়েও এই কনক্লেভে আলোচনা করা হবে। ১৪-টি অংশিদার দেশের নৌপ্রধান এবং সমুদ্র বিশেষজ্ঞরা এতে অংশ নিচ্ছেন। প্রাক্তন নৌ-সেনা প্রধান অরুণ প্রকাশ সমুদ্র ক্ষেত্রে ক্রমবর্ধমান নিরাপত্তা চ্যালেঞ্জের ওপর আলোকপাত করে বলেছেন, ভারত মহাসাগর দিয়ে বিশ্বের অর্ধেক কন্টেনার চলাচল করে এবং তেলবাহী জাহাজের দুই তৃতীয়াংশ এখান দিয়ে যায়।

------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন, চলতি বছরের ৩১ শে মার্চের মধ্যে নকশাল মুক্ত ভারত  গড়তে দেশ বদ্ধ পরিকর। কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী সিআরপিএফ এর ৮৭ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে তিনি আজ গুয়াহাটিতে এক অনুষ্ঠানে বলেন, সিআরপিএফ এর সদস্যরা দেশের স্বার্থে সর্বদা নিয়োজিত। বাহিনীর জওয়ান ও কোবরা ব্যাটেলিয়নের উল্লেখ করে তিনি বলেন, নকশাল মুক্ত ভারত গঠনে তাদের অবদান অনস্বীকার্য।

------------------------

ভারতের দায়িত্বশীল এআই দৃষ্টিভঙ্গি সমর্থন করে বিশ্বব্যাপী বিপুল সাড়ার মধ্যে দিয়ে নতুন দিল্লিতে গতকাল ইন্ডিয়া এআই ইম্প্যাক্ট সামিটের পরিসমাপ্তি ঘটেছে। সমাপ্তি অনুষ্ঠানে সাংবাদিক সম্মেলনে ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেন এআই ইম্প্যাক্ট সামিট বিভিন্ন দিক থেকে চূড়ান্তভাবে সফল হয়েছে। তিনি বলেন বহু

স্টার্ট আপ তাদের কাজ তুলে ধরতে পেরেছে। সামিটে বিভিন্ন আলোচনার মান অসাধারণ ছিল বলে তিনি মন্তব্য করেন।

------------------------

ইন্ডিয়া এ আই ইমপ্যাক্ট এক্সপোর আজই শেষদিন। দর্শক, উদ্ভাবকদের বিপুল আগ্রহে এই এক্সপো-র মেয়াদ আরও একদিন বাড়ানোর কথা জানানো হয়েছিল। আজ সকাল ৯-টা ১৫ থেকে প্রদর্শনীর দরজা খুলে গেছে। চলবে সন্ধে ৬-টা পর্যন্ত। ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের পক্ষ থেকে একটি নির্দেশিকা জারি করে দর্শকের জন্য বিশেষ নিরাপত্তা ব্যবস্থার আয়োজন করেছে। অনুষ্ঠানস্থলে পার্কিং সুবিধা সীমিত হওয়ার দরুণ আগত দর্শকদের মেট্রো বা ক্যাবে আসার পরামর্শ দেওয়া হয়েছে। প্রবেশ দ্বারে সব প্রশাসনিক নেতৃবর্গকে সরকারি পরিচয়পত্র দেখিয়ে বৈধ qR code স্ক্যানের মাধ্যমে প্রবেশ করতে হচ্ছে। অনুষ্ঠানটি যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয়, তা নিশ্চিত করতে সব নির্দেশ যথাযথভাবে মেনে চলার আবেদন জানানো হয়েছে।

------------------------

বিজেপি নতুন দিল্লিতে ভারত এ আই শীর্ষ সম্মেলনস্থলে কংগ্রেসের বিক্ষোভ দেখানোর সমালোচনা করেছে। বিজেপি মুখপাত্র সুধাংশু ত্রিবেদী আজ নতুন দিল্লিতে বলেছেন, এই ঘটনায় সমগ্র দেশই ক্ষুব্ধ। কারণ, ভারত এ আই শীর্ষ সম্মেলন সকলের কাছে একটা গর্বের বিষয়। কিন্তু কংগ্রেস পার্টি যেভাবে তার ক্ষোভের প্রতিফলন ঘটিয়েছে, তা লজ্জাজনক।

বাইট

------------------------

জম্মু-কাশ্মীরের রাজৌরি জেলার নিয়ন্ত্রণ রেখা বরাবর সুন্দরবনীতে সেনাবাহিনী তল্লাশি চালিয়ে প্রচুর পরিমাণে অস্ত্রশস্ত্র উদ্ধার করেছে। যুদ্ধের মতো পরিস্থিতির জন্য সেখানে এই অস্ত্রশস্ত্র মজুত রাখার হয়েছিল। অপারেশন জ্বালা-র সম্পর্কে বিস্তারিত জানিয়ে সেনাবাহিনীর মুখপাত্র বলেছেন, সুন্দরবনী সেক্টারের নাথুয়া টিব্বা এলাকায় এমাসের ১৯ তারিখে অনুপ্রবেশের চেষ্টা ব্যর্থ করে দেওয়া হয়। তল্লাশি অভিযানের সময়, রক্তের দাগ দেখে বোঝা যায়, জঙ্গিদের ভালোরকম আঘাত লেগেছিল। তল্লাশি অভিযানে A K রাইফেল, ম্যাগাজিন, রক্তের দাগলাগা কম্বল, রেশন সামগ্রী এবং জামাকাপড় পাওয়া গেছে। তল্লাশি অভিযান এখনও চলছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

---

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে যথোচিত মর্যাদায় আজ পালিত হবে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

ইনসার্ট

১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি পূর্ব পাকিস্তানে অধুনা বাংলাদেশে উর্দু ভাষা চাপিয়ে দেওয়ার প্রতিবাদে ও বাংলা ভাষাকে প্রতিষ্ঠার দাবিতে ঢাকা শহরে ছাত্রদের প্রবল আন্দোলন চলাকালীন পুলিশের গুলিতে শহীদ হন ছাত্র রফিক উদ্দিন আহমেদ, আবুল বরকত, মোহাম্মদ সালাউদ্দিন সহ বেশ কয়েকজন ছাত্র। ভাষা আন্দোলনের সেই শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে রাষ্ট্রসঙ্ঘের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রতিবছর একুশে ফেব্রুয়ারি পালিত হয় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

বাংলাদেশে ঠিক মধ্যরাতের পর ভাষা আন্দোলনের শহীদদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। রাষ্ট্রপতি মহম্মদ শাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। সমাজের বিভিন্ন স্তরের শোকাভিভূত হাজার হাজার মানুষ খালি পায়ে এগিয়ে এসে শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন।

পশ্চিমবঙ্গেও আজ দিনটি যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে।

-----------------------

পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে রাজ্যে ৪৮০ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী (সিএপিএফ) মোতায়েনের সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। রাজ্যের মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব এবং রাজ্য পুলিশের ডিজিপিকে পাঠানো এক চিঠিতে স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে, প্রথম দফায় ৪৮০ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। এর মধ্যে পয়লা মার্চের মধ্যে ২৪০ কোম্পানি এবং ১০ই মার্চের মধ্যে বাকি ২৪০ কোম্পানি বাহিনী রাজ্যে পৌঁছবে ।

পয়লা মার্চের মধ্যে যে বাহিনী মোতায়েন হবে তার মধ্যে রয়েছে—১১০ কোম্পানি সিআরপিএফ, ৫৫ কোম্পানি বিএসএফ, ২১ কোম্পানি সিআইএসএফ, ২৭ কোম্পানি আইটিবিপি এবং ২৭ কোম্পানি এসএসবি।

নির্দেশিকায় বলা হয়েছে, এই বাহিনীকে বর্তমানে এলাকা নিয়ন্ত্রণ, ভোটারদের আস্থা বৃদ্ধির কাজে ব্যবহার করা হবে। এক একটি কোম্পানির ৯টি শাখার মধ্যে ৮টি শাখা ভোটকেন্দ্র ও সংশ্লিষ্ট এলাকার দায়িত্বে থাকবে, অপর একটি সেকশন নিয়োজিত থাকবে কুইক রেসপন্স টিম ও তদারকির কাজের জন্য ।

------------------------

পশ্চিমবঙ্গে এস আই আর প্রক্রিয়ায় জুডিশিয়াল অফিসার নিয়োগের বিষয়ে সর্বোচ্চ আদালতের নির্দেশে আজ হাইকোর্টের প্রধান বিচারপতি, রাজ্যের মুখ্যসচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্যের অ্যাডভোকেট জেনারেল এবং অ্যাডিশনাল সলিসিটর জেনারেল বৈঠকে বসতে চলেছেন। দুপুরের দিকে বৈঠক শুরু হতে পারে। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি বিপুল এম পাঞ্চোলির বেঞ্চ পশ্চিমবঙ্গে SIR-এর বিরোধিতা করে নির্বাচন কমিশন এবং রাজ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে দায়ের করা মামলায় গতকাল এক নজিরবিহীন রায়ে এস আই আর প্রক্রিয়ায় জুডিশিয়াল অফিসার নিয়োগের নির্দেশ দেন। বেঞ্চ বলেছে, প্রাক্তন এবং কর্মরত জেলা বিচারক বা অতিরিক্ত জেলা বিচারক স্তরের আধিকারিকদের এজন্য নিয়োগ করা যেতে পারে। বিচারবিভাগীয় ওই আধিকারিকদের সহায়তা করবেন নির্বাচন কমিশন এবং রাজ্য সরকারের আধিকারিকেরা। তাঁদের নির্দেশই সুপ্রিম কোর্টের নির্দেশ বলে গণ্য করা হবে। রাজ্যের ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন এস আই আর-এর কাজে তথ্যগত অসঙ্গতি বা লজিকাল ডিসক্রিপেন্সির

ঘটনা কলকাতা হাইকোর্ট নিযুক্ত আধিকারিকরা নিষ্পত্তি করবেন বলেও জানানো হয়েছে।

এদিকে, এস আই আরের অধীনে এযাবৎ যতটুকু কাজ হয়েছে তার ওপর ভিত্তি করে আগামী ২৮ শে ফেব্রুয়ারী চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করতে হবে বলেও জানিয়েছে সুপ্রিম কোর্ট। বাকি থাকা কাজের নিরীখে পরবর্তী সময়ে অতিরিক্ত তালিকা প্রকাশ করবে কমিশন।

সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, তারা চান যত দ্রুত সম্ভব যাচাই প্রক্রিয়া শেষ হোক। এজন্য যদি প্রতি ভুলের ক্ষেত্রে একজন করে বিচারবিভাগীয় আধিকারিককে যাচাইয়ের কাজে নিযুক্ত করা হয়, তাতেও তাঁদের কোনো আপত্তি নেই। আজকের বৈঠকে এই দৃষ্টিভঙ্গীর কথা তুলে ধরা হবে বলে মনে করা হচ্ছে।

------------------------

ভারতের শীর্ষ আদালতের প্রধান বিচারপতি সূর্যকান্ত বলেন, দীর্ঘস্থায়ী সাইবার সুরক্ষা সুনিশ্চিত করতে নাগরিক শিক্ষায় জোর দেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। গতকাল রাজস্থানের জয়পুরে আয়োজিত সাইবার নিরাপত্তা ও সচেতনতা বিষয়ক তিন দিন ব্যাপী জাতীয় সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান বিচারপতি এই কথা বলেন। সাইবার সুরক্ষার লক্ষ্যে দেশের সরকার, ন্যায় ব্যবস্থা ও সমগ্র সমাজকে সম্মিলিত ভাবে কাজ করতে হবে বলে তিনি মত প্রকাশ করেন। ডিজিটাল বিপ্লব দেশের মানুষের পরিষেবায় জন্য অনেক সুবিধা এনে দিয়েছে। তবে বর্তমানে এর অপব্যবহার মূল সমস্যা হয়ে দাঁড়িয়েছে। সাইবার সুরক্ষা বলতে শুধু ব্যাংক অ্যাকাউন্টের সুরক্ষা বোঝায় না। প্রাতিষ্ঠানিক বিশ্বাস গড়ে তোলাই সাইবার নিরাপত্তার লক্ষ্য বলে জানান শ্রী সূর্যকান্ত।

------------------------

ভারত রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদে সংস্কারের দাবি জোরদার করেছে। ভারত বলেছে নিরাপত্তা পরিষদে সংস্কারের অপেক্ষায় বিশ্বব্যাপী ধৈর্য ফুরিয়ে এসেছে।আলোচনার সর্বশেষ পর্যায়ে ভারতের স্থায়ী উপপ্রতিনিধি যোজনা প্যাটেল বলেছেন যে শান্তি ও নিরাপত্তার মূল দায়িত্ব পালনে নিরাপত্তা পরিষদ ব্যর্থ হয়েছে। তিনি জোর দিয়ে বলেছেন স্থায়ী সদস্যপদের সম্প্রসারণ ছাড়া সংস্কার অসম্পূর্ণ। তিনি বলেন থার্ড ক্যাটিগরি প্রস্তাব বিবেচনা করলে সংস্কার আরও পিছিয়ে যাবে। তিনি বলেন, নতুনদিল্লি বর্তমান ভূ-রাজনৈতিক বাস্তবতার প্রেক্ষিতে সিদ্ধান্তমূলক, কাঠামোগত সম্প্রসারণের দাবি করছে।

স্থির আঞ্চলিক আসন হিসাবে উল্লেখিত থার্ড ক্যাটিগরি বা তৃতীয় বিভাগের প্রস্তাবটি মূলত স্থায়ী সদস্যপদ সম্প্রসারণের বিরোধী Uniting for Consensus group এর। এই গোষ্ঠীর নেতৃত্বে রয়েছে ইতালি এবং পাকিস্তান সদস্য।

------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা আজ হিমাচল প্রদেশের কাসৌলির কেন্দ্রীয় গবেষণা প্রতিষ্ঠানে টিটেনাস ও ডিপথেরিয়ার টিকার উদ্বোধন করবেন। দেশের জন স্বাস্থ্য ব্যবস্থাকে উন্নত করার লক্ষ্যে টিটেনাস ও ডিপথেরিয়া মোকাবিলায় এই টিকা গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই টিকা চালু হলে দেশের টিকাকরণ প্রক্রিয়াও আরও কার্যকরী হবে বলে মনে করা হচ্ছে।

------------------------

১৪ বছর পর সিরিয়ার দামাস্কাসে মার্কিন দূতাবাস পুনরায় খোলার পরিকল্পনা নিয়ে অগ্রসর হওয়া নিয়ে ট্রাম্প প্রশাসন, মার্কিন কংগ্রেসকে অবহিত করেছে। ২০১২ সালে সিরিয়ার গৃহযুদ্ধের সময় এটি বন্ধ করে দেওয়া হয়েছিল। চলতি মাসের শুরুতে

কংগ্রেসনাল কমিটিগুলিকে পাঠানো এক নোটিশে আইনপ্রণেতাদের জানানো হয়েছে, সিরিয়ায় দূতাবাসের কাজ আবার শুরু করার ভাবনা রয়েছে বিদেশ দফতরের। যদিও, মার্কিন কর্মীরা কবে পূর্ণ সময়ের ভিত্তিতে দামাস্কাসে ফিরবেন সে সম্পর্কে কোনও সময়সীমা দেওয়া হয়নি।

-----------------------

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নতুন আন্তর্জাতিক শুল্ক ঘোষণার পরেই হোয়াইট হাউস স্পষ্ট করে জানিয়েছে, সাময়িক ভাবে ভারতের ওপরও ১০ শতাংশ শুল্ক আরোপ করা হবে। মার্কিন শীর্ষ আদলত তাঁর বেশ কয়েকটি শুল্ক আরোপের সিদ্ধান্ত অবৈধ বললেও প্রেসিডেন্ট ট্রাম্প বিকল্প আইনবলে নতুন করে সব দেশের ওপর ১০ শতাংশ আন্তর্জাতিক শুল্ক চাপানোর কথা বলেছেন তবে, এই শুল্ক আরোপের সিদ্ধান্ত ১৫০ দিনের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

ট্রাম্প বলেন, সুপ্রিম কোর্টে যারা শুল্ক হ্রাসের সিদ্ধান্ত গ্রহণ করেছেন, তাদের ন্যায় বিচারে তিনি লজ্জিত এবং এই সিদ্ধান্ত চরম হতাশা ব্যাঞ্জক।

-----------------------

আইসিসি টি টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপে সুপার এইট পর্বের ম্যাচ আজ থেকে শুরু হচ্ছে। কলম্বোর প্রেমদাসা স্টেডিয়ামে মুখোমুখি হবে পাকিস্তান ও নিউজিল্যান্ড। খেলা শুরু হবে সন্ধ্যে সাতটায়। এদিকে, ভারত তাদের সুপার এইট পর্বের যাত্রা শুরু করছে আগামীকাল। আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে ভারত। সুপার এইটের গ্রুপ ১ এ ভারত ও দক্ষিণ আফ্রিকা ছাড়া রয়েছে জিম্বাবয়ে ও ওয়েস্ট ইন্ডিজ। অন্য গ্রুপে রয়েছে পাকিস্তান, শ্রীলঙ্কা, ইংল্যান্ড ও নিউজিল্যান্ড।

অন্যদিকে, গতকাল গ্রুপ বি এর শেষ ম্যাচে অস্ট্রেলিয়া নয় উইকেটে ওমানকে পরাজিত করেছে। শ্রীলঙ্কার পাল্লেকেলে স্টেডিয়ামে টসে জিতে ওমানকে ব্যাট করতে পাঠায় অস্ট্রেলিয়া। ১০৪ রানে অল আউট হয়ে যায় ওমান। এরপর ব্যাট করতে নেমে ১০ ওভারে দুই বল বাকি থাকতেই লক্ষ্যে পৌঁছে যায় অস্ট্রেলিয়া। মিচেল মার্শ ৬৪ রান করেন। ৪ উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছেন অ্যাডাম জাম্পা।

----------------------- -----------------------